155

দৈনিক ইত্তেফাক

OCT. 24 1999

তারিখ ... OCT 25 1999 ...
পৃষ্ঠা 9 ... কলাম ... 1 ...

# বিদ্যালয়টির অবস্থা বড়ই করুণ

রূপগঞ্জ সংবাদদাতা ॥ রূপগঞ্জ থানার পশীহাড়ারবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়টির অবস্থা বড়ই করুণ। বিদ্যালয়টির মেঝের প্লাষ্টার উঠিয়া বালি ও মাটি বাহির হইতেছে। বিদ্যালয়ের ওয়াল নড়বড়ে অবস্থায় রহিয়াছে। ছয় শতাধিক ছাত্র-ছাত্রীর বসিবার প্রয়োজনীয় টুল বা বেঞ্চ নাই। এমতাবস্থায়, ছোট ছোট কোমল মতি ছেলে-মেয়েরা বাড়ী হইতে মাদুর পাটি, ছালার চট আনিয়া উহাতে বসিয়া লেখাপড়া করিয়া থাকে। বিদ্যালয়টিতে সৌচাগার নাই। একই থানার নোয়াপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়টি সামান্য বৃষ্টি হইলেই বন্ধ হইয়া যায়। বৃষ্টির পানি নিষ্কাশনের অব্যবস্থার দরুন বিদ্যালয়ের সামনের আঙ্গিনায় থাকা একহাঁটু পানি জমিয়া যায়।